গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd

স্মারক নং-১৬.০২.০০০০.০০১.১৮.০০৮.০৩/ ৯৭

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩
১৬ এপ্রিল ২০২৬

## বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ের প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপীল বিভাগসহ জেলা পর্যায়ের বিভিন্ন আদালতে বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনের স্বার্থ-সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলা পরিচালনা, প্রতিদ্বন্দ্বিতা ও রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তাকে সহায়তা করার জন্য মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের জন্য ২(দুই) জন, হাইকোর্ট বিভাগের জন্য ৩(তিন) জন এবং ঢাকা, ফরিদপুর, টাংগাইল, নরায়নগঞ্জ, ময়মনসিংহ, সিলেট. চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, নোয়াখালী, বরিশাল, পটুয়াখালী, বরগুনা, খুলনা, রাজশাহী, নওগাঁ, বগুড়া, রংপুর, দিনাজপুর ও ঠাকুরগাঁও জেলা জজ আদালতের জন্য ১জন করে ২০ (বিশ) জনসহ মোট ২৫ (পঁচিশ) জন দক্ষ ও অভিজ্ঞ প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে ওয়াক্‌ফ প্রশাসক বাংলাদেশ বরাবর আবেদন আহবান করা যাচ্ছে:

শর্তাবলী:

| | |
|---|---|
| ১. | প্যানেল আইনজীবীগণ বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন এবং চুক্তির শর্ত অনুসারে ওয়াক্‌ফ প্রশাসনের সিডিউল অনুসারে নির্ধারিত হারে শুধুমাত্র মামলা পরিচালনা/অর্পিত দায়িত্ব পালনের জন্য ফি/সম্মানী /খরচ প্রাপ্য হবেন, তবে নিয়মিতভাবে কোন দৈনিক/সাপ্তাহিক/মাসিক/বার্ষিক বেতন বা ভাতা প্রাপ্য হবেন না। প্রাপ্য ফি/সম্মানী /খরচ হতে বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। |
| ২. | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনের নিযুক্ত প্যানেল আইনজীবীগণ ওয়াক্‌ফ প্রশাসনের স্বার্থ বিদ্যমান রয়েছে এমন কোন মামলায় প্রতিপক্ষ হিসেবে শুনানী করতে পারবেন না। |
| ৩. | প্রতিদ্বন্দ্বিতার দায়িত্বপ্রাপ্ত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত তারিখে ওয়াক্‌ফ প্রশাসক বাংলাদেশ বরাবর দাখিল করতে হবে। |
| ৪. | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ, হাইকোর্ট বিভাগ এর প্যালেন আইনজীবী পদে আবেদনকারীদের ঢাকায় নিয়মিতভাবে বসবাসরত হতে হবে এবং জেলা জজ আদালতের জন্য আবেদকারীকে স্ব-স্ব জেলায় নিয়মিতভাবে বসবাসরত হতে হবে; |
| ৫. | বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের বিপক্ষে কোন মামলার রায়/আদেশ হলে জরুরী ভিত্তিতে পররর্তী করণীয় বিষয়ে মতামত লিখিতভাবে বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসককে অবহিত করতে হবে। |
| ৬. | অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসাবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে। |
| ৭. | মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীর ক্ষেত্রে আবেদনকারীর বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে তালিকাভুক্ত হতে হবে। হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীর ক্ষেত্রে আবেদনকারীকে আইনজীবী হিসেবে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। জেলা জজ আদালতের জন্য আবেদনকারীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জজ আদালতে মামলা পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিজ্ঞ প্যানেল আইনজীবীগণকে মুসলিম শরিয়া, ওয়াক্‌ফ ও ভুমি আইনে পারদর্শি হতে হবে। |
| ৮. | নির্বাচিত আইনজীবীগণকে ওয়াক্‌ফ প্রশাসনের সাথে ৩(তিন) বছরের জন্য চুক্তি করতে হবে। |
| ৯. | কোন প্যানেলভুক্ত আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে ৯০(নব্বই)) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। |
| ১০. | কোন প্যানেলভুক্ত আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তাকে অব্যাহতি প্রদান করতে পারবে। |

| | |
|---|---|
| ১১. | নিয়োগের শর্তাবলি চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে। |
| ১২. | কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। |
| ১৩. | আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে |
| ১৩.১ | আবেদনকারীর নাম, মাতা ও পিতার নাম প্রযোজ্য ক্ষেত্রে স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, কর্মস্থল/চেম্বারের ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, ফোন নম্বর, মোবাইল নম্বর ই-মেইল আইডিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত। আবেদন পত্রে ও খামের উপরে যে আদালতের জন্য নিয়োগ পেতে চান তা উল্লেখ করতে হবে। |
| ১৩.২ | (ক) সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, (খ) জাতীয় পরিচয়পত্র, (গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, (ঘ) বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত সনদ, (ঙ) আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ/ জেলা জজ আদালতে মামলা পরিচালনার অনুমতির সনদ, (চ) অভিজ্ঞতার সনদ এবং (ছ) অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল অইনজীবী হিনেবে নিয়োগপত্র (যদি থাকে) এর সত্যায়িত কপি। |
| ১৪ | আগামী ১৯ মে ২০২৬ বিকাল ০৩.০০ ঘটিকার মধ্যে সরাসরি /ডাকযোগে নিম্ন ঠিকানায় আবেদন পৌছানো নিশ্চিত করতে হবে।<br>ঠিকানা :<br>ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ<br>বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকর কার্যালয়<br>৪ নং নিউ ইস্কাটন রোড, ঢাকা। |

১৬.০৪.২০২৬

মোঃ শাহীন হোসেন
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

স্মারক নং-১৬.০২.০০০০.০০১.১৮.০০৮.০৩/ ৩৭

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ / ১৬ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যষ্ঠতার অনুসারে নয়):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৪। অফিস কপি।

১৬.০৪.২০২৬
ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ